



বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন (বিএমএ)

BANGLADESH MEDICAL ASSOCIATION(BMA)

সভাপতি:

ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন

মহাসচিব:

ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী

স্মারক নং: বিএমএ/২০২০/

তারিখ: ২৯-০৮- ২০২০ খ্রি:

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস স্মরণে আলোচনা সভা অনুষ্ঠিত

স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস স্মরণে আজ ২৯ আগস্ট '২০২০ খ্রি: তারিখ শনিবার সকাল ১১:০০টায় বিএমএ ভবনস্থ শহীদ ডা. শামসুল আলম খান মিলন সভাকক্ষে বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন করোনাকালীন স্বাস্থ্য বিধি মেনে এক আলোচনা সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন বাংলাদেশ আওয়ামী লীগ উপদেষ্টামণ্ডলীর সদস্য, সাবেক শিল্প মন্ত্রী, ১৪ দলের সমন্বয়ক, বাংলাদেশ জাতীয় সংসদের শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত ছায়া কমিটির সভাপতি জনাব আমির হোসেন আমু এমপি। সভায় সভাপতিত্ব করেন বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিএমএ মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী। দেশব্যাপী বিএমএ'র ৬৬ টি শাখার নেতৃবৃন্দ জুম অনলাইনের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

প্রধান অতিথির বক্তব্যে জনাব আমির হোসেন আমু এমপি বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট খুনীচক্র শুধুমাত্র ব্যক্তি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকেই হত্যা করেনি তারা হত্যা করেছিল এদেশের মানুমের আশা আকাংখাকে। দেশকে ফিরিয়ে নিয়ে গিয়েছিল পাকিস্তানী ধ্যান ধারনায়, সংবিধান থেকে মুছে ফেলেছিল বাঙালির হাজার বছরের ঐতিহ্য ও সংগ্রামের ফসল চার মূলনীতিকে, আইন করে রসূ করা হয়েছিল এই নৃৎসমত হত্যার বিচার। আল্লাহর অশেষ রহমতে বেঁচে যাওয়া বঙ্গবন্ধুর দুই কন্যার অসীম ধৈর্য, সংগ্রাম ও ত্যাগের বিনিময়ে এ জাতি বঙ্গবন্ধুর হত্যাকারীদের বিচার করতে পেরেছে আজ সময় এসেছে একটি কমিশনের মাধ্যমে হত্যার নেপথ্যের কুশীলবদের মুখোশ জাতির সামনে উন্মোচন করে তাদেরও বিচার করার। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা আজ বাংলাদেশের দীর্ঘতম সময়ের প্রধানমন্ত্রী। তিনি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনিমাণে কঠোর পরিশ্রম করে যাচ্ছেন। আসুন আমরা সকলে মাননীয় প্রধানমন্ত্রীকে সহযোগীতা করে এদেশকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাই।

সভাপতির বক্তব্যে বিএমএ সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন আবেগতাড়িত কঠে বঙ্গবন্ধুর স্মৃতিচারণ করে বলেন, ৭৫'র ১৫ আগস্ট কালরাত্রে ঘাতকেরা শুধুমাত্র বঙ্গবন্ধুকে হত্যা করেই ক্ষান্ত হননি বরং বাঙালির মানসপট থেকে চিরতরে মুছে দিতে নানা হীন ষড়যন্ত্র করেছিলেন কিন্তু বাংলাদেশের মানুষ খুনীচক্রের সেই ষড়যন্ত্রকে নস্যাও করে দিয়ে বঙ্গবন্ধুকে বাঙালি জাতির পিতার আসনে অধিষ্ঠিত করেছেন। অনেক দেরী হলেও আমরা বঙ্গবন্ধুর আত্মস্থীকৃত খনীদের বিচার করে রায় কার্যকর করতে পেরেছি এখন নেপথ্যের ষড়যন্ত্রকারীদের বিচার করার পালা।

বিএমএ ভবনের মূল অনুষ্ঠানস্থলে বিএমএ কেন্দ্রীয় কার্যকরি পরিষদ সদস্য, কেন্দ্রীয় কার্ডিন্সল সদস্যসহ ঢাকাস্থ বিভিন্ন ইনসিটিউট, হাসপাতাল ও মেডিকেল কলেজের চিকিৎসকগণ অংশগ্রহণ করেন

বরাবর

বার্তা সম্পাদক/ প্রধান প্রতিবেদক

জনাব,

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন এর পক্ষ থেকে আন্তরিক গুভেচ্ছা। আপনার বছল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি আকারে প্রকাশ / সম্প্রচারিত টেলিভিশন চ্যানেলের স্ক্রিনে প্রচারের অনুরোধসহ প্রেস বিজ্ঞপ্তি প্রেরণ করা হল।

বার্তা প্রেরক-

২৭/৮

ডা. মোহাঁ শেখ শহীদ উল্লাহ

দণ্ড সম্পাদক

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন